



ইমাম প্রশিক্ষণ একাডেমি ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.islamicfoundation.gov.bd



স্মারক নং-১৬.০১.০০০০.০০৪.১২.১৮৫.১৯. ১৬/৭৫

তারিখ: ০১/০৮/২০২৩ খ্রি.

বিষয়: ইমাম প্রশিক্ষণ একাডেমির ২০২৩-২০২৪ অর্থ বছরে নিয়মিত প্রশিক্ষণ কোর্সের ইমাম বাছাইকরণ প্রসঙ্গে।

জনাব,

আসসালামু আলালাইকুম ওয়া রাহমাতুল্লাহ।


ইমাম প্রশিক্ষণ একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন-এর উদ্যোগে ২০২৩-২০২৪ অর্থ বছরে নিয়মিত প্রশিক্ষণ কোর্সে ৪৫ দিনব্যাপী নিয়মিত ইমাম প্রশিক্ষণের দ্বিতীয় কোর্স ঢাকা কেন্দ্রে ২২/০৮/২০২৩ খ্রি. তারিখে, খুলনা, চট্টগ্রাম, দিনাজপুর, বরিশাল, রাজশাহী ও সিলেট কেন্দ্রে ২৬/০৮/২০২৩ খ্রি. তারিখে শুরু হবে ইনশাআল্লাহ। ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪৫ দিনব্যাপী নিয়মিত ইমাম প্রশিক্ষণের দ্বিতীয় কোর্সের জন্য আপনার জেলা কোটা অনুযায়ী নির্ধারিত সংখ্যক ইমাম পত্রে উল্লেখিত তারিখের পূর্বদিন বিকাল ৫.০০ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। আপনার জেলা কোটার ১০% সহকারী ইমাম/মুয়াজ্জিন বাছাই করা যাবে।

০২। আপনার জেলার আওতাধীন প্রত্যেক থানা/উপজেলা ও প্রত্যেক ইউনিয়ন থেকে ইমাম বাছাই করবেন। বাছাইয়ের সময় মউশিক শিক্ষকদের অগ্রাধিকার দিতে হবে। সিরাত ও সুরতে ইমাম মনে হয় না এমন কোন ইমামকে প্রশিক্ষণের জন্য বাছাই না করার জন্য অনুরোধ করা হলো। যে সকল ইমাম বাছাইয়ের শর্ত পূরণ করবেন না এবং শুল্কভাবে বাংলা লিখতে পারেন না তাদেরকে বাছাই করা যাবে না। অপেক্ষমান তালিকায় কোন ইমাম প্রেরণ করা যাবে না।

০৩। ভর্তির যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্র:

- বয়সসীমা ২০-৫০ বছর এবং সুস্থ ও সবল দেহের অধিকারী হতে হবে। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে দাখিল বা সমমান মাদ্রাসা পরীক্ষায় পাশ (হাফেজ ও ক্বারীদের ক্ষেত্রে বাংলা ভাষায় ভাল জ্ঞান থাকলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)।
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। তবে চূড়ান্ত বাছাইয়ের সময় সকল শিক্ষাগত সনদের মূলকপি, সনদ না পেয়ে থাকলে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র কমিটির নিকট উপস্থাপন করতে হবে।
- স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ইমামতির স্বপক্ষে প্রদত্ত প্রমাণপত্র।
- বিভাগীয়/জেলা কার্যালয় কর্তৃক ইমামতিতে নিয়োজিত আছেন তা নিশ্চিত হয়ে প্রাথমিকভাবে মনোনীত হওয়ার পর চূড়ান্ত বাছাই হওয়া সাপেক্ষে জেলা কার্যালয় থেকে সরবরাহকৃত নির্ধারিত ফরমে মসজিদ কমিটির সভাপতি/সেক্রেটারীর নিকট থেকে ৪৫ দিনের ছুটির অনুমোদনপত্র দাখিল করতে হবে এবং প্রশিক্ষণ চলাকালে হোস্টেলে অবস্থান করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ইমামদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে।
- এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরখাস্তের সাথে জমা দিতে হবে, দুই কপি পাসপোর্ট সাইজ ছবি সংশ্লিষ্ট ইমাম প্রশিক্ষণ কেন্দ্রে চূড়ান্ত ভর্তির সময় দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিলযোগ্য।
- বিনামূল্যে ভর্তির ফরম সরবরাহ করা হয় এবং ভর্তি হওয়ার জন্য কোন ফি বা বিনিময় দিতে হয় না। তবে ইমামদের কল্যাণে গঠিত ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টে মাসিক ১৫/- টাকা ফি দিয়ে ট্রাস্টের সদস্য পদ লাভ করতে পারেন।
- একাডেমির সংশ্লিষ্ট কেন্দ্রে বা বিভাগীয়/জেলা কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কোভিড-১৯ টিকা গ্রহণের সনদ জমা দিতে হবে।

৪। ইমাম নন এমন ব্যক্তি যাতে প্রাথমিক বাছাইয়ে মনোনীত হওয়ার সুযোগ না পায় সেজন্য অত্যন্ত সতর্কতার সাথে বাছাই কাজ সম্পন্ন করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। ভর্তি হওয়ার পর যদি কোনভাবে প্রমাণ হয় যে, প্রশিক্ষণার্থী প্রকৃত ইমাম নন তবে সাথে সাথে তার ভর্তি বাতিল করা হবে। আমাদের লক্ষ্যমাত্রা অর্জনে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।



(মোঃ আনিসুজ্জামান সিকদার)

পরিচালক

ইমাম প্রশিক্ষণ একাডেমি

ফোন: ৮১৮১৫৩১

প্রাপক,

পরিচালক/উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন বিভাগীয়/জেলা কার্যালয় (সকল)।